**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ।**
কার্যালয়ঃ বাসা নং-৪২,খাগডহর বাজার, ময়মনসিংহ।
ফোন ঃ ০২৯৯৭৭১০৪৫০, ০২-৯৯৭৭১০৪৪২
E-mail :chairmanbisemym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্য/১০/০৫/২২/১২৪ তারিখ: ২৭/০৮/২০২৫ খ্রি.

**বিষয়: মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০২৫ এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত "ছকে" উল্লিখিত তারিখ ও সময়ে এসএসসি পরীক্ষা-২০২৫ এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট কেন্দ্রভিত্তিক বোর্ডের ২নং ভবনের (খাগডহর বাজার) পরীক্ষা শাখা হতে বিতরণ করা হবে। বর্ণিত তারিখ ও সময়ে আপনি অথবা আপনার দেয় ক্ষমতাপ্রাপ্ত একজন শিক্ষক (স্বাক্ষর সত্যায়নের মাধ্যমে) পরীক্ষা শাখা হতে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | জেলার নাম | মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণের তারিখ বার ও সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ময়মনসিংহ ও শেরপুর | ০১/০৯/২০২৫ সোমবার সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত | |
| ২ | জামালপুর ও নেত্রকোণা | ০২/০৯/২০২৫ মঙ্গলবার সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত | |

**বিষয়টি অতীব জরুরি। একই তারিখ ও সময়ে এসএসসি ২০২৪ সালের কেন্দ্র তালিকা অনুযায়ী জেএসসি ২০২১ সালের মূল সনদ বিতরণ করা হবে।**

<u>বিশেষ দ্রষ্টব্য:</u>

১. জিপিএ উন্নয়ন মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণ করার ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে পূর্বের মূল সনদ জমা দিতে হবে (কোনো অবস্থাতেই পরীক্ষার্থীকে বোর্ডে পাঠানো যাবে না)।

২. মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের ক্ষেত্রে কোনো অবস্থাতেই চতুর্থ শ্রেণির কর্মচারীকে প্রতিনিধি হিসেবে ক্ষমতা প্রদান করা যাবে না।

৩. মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের ক্ষেত্রে পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষর ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংখ্যা সঠিক আছে কিনা তা দেখে ও গণনা করে নিতে হবে, পরবর্তীতে এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণ করা হবে না।

৪. প্রত্যেক কেন্দ্র বোর্ড থেকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণ করার পর আগামী ০৩/০৯/২০২৫ খ্রি. তারিখের মধ্যে কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ করবে। মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এ কোনো সমস্যা থাকলে তা পরীক্ষা শাখায় বিতরণ পরবর্তী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৫. বোর্ড অফিস হতে কেন্দ্র প্রতিষ্ঠানে এবং কেন্দ্র প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে একাডেমিক ট্রান্সক্রিপ্ট পৌঁছানোর জন্য প্রয়োজনীয় সংখ্যক পানি নিরোধক নিরাপদ ব্যাগ সাথে আনার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৭/০৮/২৫

(প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।
ফোন: ০২-৯৯৭৭১০৪৪২
Email: conbisemym@gmail.com

প্রাপক:
কেন্দ্র সচিব
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল
মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা কেন্দ্র - ২০২৫

২৭/০৮/২০২৫